দৈনিক ইত্তেফাক

59

তারিখ ... 29 MAR 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

26

# ক্যাম্পাসে সন্ত্রাস দমনে জনমত সৃষ্টির আবেদন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিয়া ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে জনমত সৃষ্টির জন্য সকল

( ২য় পৃঃ দ্রঃ )

## ক্যাম্পাসে সন্ত্রাস

( ১ম পৃঃ পর)

মহলের প্রতি আবেদন জানাইয়াছেন। গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যদের সহিত মত বিনিময়কালে ভিসি বলেন, বর্তমান মুহূর্তে সন্ত্রাস এমন রূপ নিয়াছে যে, এককভাবে কাহারও পক্ষে ইহা নির্মূল করা সম্ভব নয়। এ ব্যাপারে সামাজিক প্রতিরোধ গড়িয়া তুলিতে হইবে। বিশ্ববিদ্যালয় খোলা রাখিয়াই সন্ত্রাসের মোকাবেলা করিতে হইবে।

গত কয়েক দিনে তাঁহার সহিত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভিন্ন মহলের মতবিনিময়ের কথা উল্লেখ করিয়া ভিসি বলেন, অধিকাংশই বিশ্ববিদ্যালয় খোলার পক্ষে মতামত ব্যক্ত করিয়াছেন। অনেকে নিরাপত্তার বিষয়টিও উত্থাপন করিয়াছেন। গতকাল বেলা ১১ টায় প্রশাসনিক ভবনের সভা কক্ষে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে সাংবাদিক সমিতির পক্ষে খায়রুল আনোয়ার, রেজানুর রহমান, রেজোয়ানুল হক রাজা, ইশতিয়াক রেজা, কোরবান আলী জোয়ারদার প্রমুখ বক্তব্য রাখেন।

এদিকে গত মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় ক্যাম্পাসে ছাত্র-শিক্ষক-অফিসার-কর্মচারীর নিরাপত্তা বিধান করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার আহ্বান জানানো হয়। সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আগামী ৪ সপ্তাহের মধ্যে সিনেটকে সচল করার জন্য উদ্যোগ গ্রহণের দাবী করা হয়। জানা যায়, সভায় নবনিযুক্ত ভিসির নিয়োগের বৈধতা নিয়া শিক্ষকদের মধ্যে বিতর্ক হয়।